মেহেরপুরে পেনশন স্কীম শীর্ষক অবহিতকরণ সভা

মেহেরপুরে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীন আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির কর্মকর্তা, সুপারভাইজার ও শিক্ষকদের সম্পৃক্তকরণের লক্ষ্যে সার্বজনীন পেনশন স্কীম শীর্ষক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বাস্তবায়নে ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায়

আজ মঙ্গলবার (২৮ মে) দুপুর ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভার সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) মোঃ তানভীর হাসান রুমান।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শামীম হাসান।

আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদের সঞ্চালনায় এসময় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ রুহুল আমিন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীম, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মো সুরুজ্জামান, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন।